গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
(রাজস্ব শাখা)
www.dcjamalpur.gov.bd

## বালুমহাল ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

স্মারক নং- ৩১.৪৫.৩৯০০.০১৩.১৩.০১১.০৯-১৭৪ তারিখ- ৯২ /০২/২০২৩ খ্রি.

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার নিম্নবর্ণিত বালুমহাল যে অবস্থায় আছে, সে অবস্থায় বাংলা ১৪৩০ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। 'বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১' এর আলোকে তালিকাভুক্ত ইজারাদারগণ (বালুমহাল) প্রকাশ্য দরপত্রের মাধ্যমে ইজারা টেন্ডারে অংশগ্রহণ করতে পারবে, প্রতিটি দরপত্র/আবেদন ফরম ১০০০/০০ (এক হাজার) টাকা নগদ মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে রাজস্ব শাখা, জামালপুর কালেক্টরেট থেকে সংগ্রহ করা যাবে। ১ম পর্যায়ে প্রয়োজনীয় সংখ্যক বৈধ দরপত্র/ আবেদনপত্র না পাওয়া গেলে ২য় এবং ৩য় বার বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী দরপত্রের বিজ্ঞপ্তি কার্যকর থাকবে। বিস্তারিত তথ্যাদি জামালপুর জেলা প্রশাসনের ওয়েবসাইট ও প্রতিদিন অফিস চলাকালীন সময়ে এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে জানা যাবে এবং এ সংক্রান্ত শর্তাবলী আবেদন পত্রের সাথে সরবরাহ করা হবে।

### দরপত্র/আবেদন ফরম বিক্রি ও গ্রহণের তারিখ নিম্নে দেয়া হলোঃ

| পর্যায় | দরপত্র ফরম বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র ফরম খোলার তারিখ ও সময় | দরপত্র ফরম প্রাপ্তির স্থান | দরপত্র ফরম দাখিলের স্থান |
|---|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৩/০২/২০২৩ খ্রি. হতে ২৭/০২/২০২৩ খ্রি. পর্যন্ত | ২৮/০২/২০২৩ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত | ২৮/০২/২০২৩ খ্রিঃ বিকাল ৩:০০ টা | বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ, রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালপুর সদর/ ইসলামপুর, জামালপুর। | রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর। |
| ২য় পর্যায় | ০২/০৩/২০২৩ খ্রি. হতে ০৭/০৩/২০২৩ খ্রি. পর্যন্ত | ০৯/০৩/২০২৩ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত | ০৯/০৩/২০২৩ খ্রি. বিকাল ৩:০০ টা | ঐ | ঐ |
| ৩য় পর্যায় | ১৩/০৩/২০২৩ খ্রি. হতে ২০/০৩/২০২৩ খ্রি. পর্যন্ত | ২১/০৩/২০২৩ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত | ২১/০৩/২০২৩ খ্রি. বিকাল ৩:০০ টা | ঐ | ঐ |

### বিজ্ঞপ্তিকৃত বালুমহালের তালিকাঃ

| ক্র: নং | উপজেলার নাম | বালুমহালের নাম | বালুমহালের আয়তন (একরে) | সম্ভাব্য সরকারী মূল্য | প্রস্তাবিত ইজারার মেয়াদ |
|---|---|---|---|---|---|
| ০১। | জামালপুর সদর | ছনকান্দা, চরযথার্থপুর বালুমহাল | ১০৪.৯৮ | ৮,০৫,৭৪৭/- | বাংলা ১৪৩০ সালের ১লা বৈশাখ হতে ১৪৩০ সালের ৩০শে চৈত্র পর্যন্ত। |
| ০২। | | শরিফপুর, নান্দিনা, নুরুন্দি, পিয়ারপুর বালুমহাল | ১৬৮.৪১ | ১,৩৩,৯৪৮/- | |
| ০৩। | ইসলামপুর | গোয়ালিনীরচর বালুমহাল | ১৩.০০ | ৩,৫২,২৩৮/- | |

২১০২।২০২৩

(শ্রাবস্তী রায়)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
জামালপুর।
টেলিফোন নং- ০২৯৯৭৭৭২১৭২

**দরপত্রের শর্তাবলীঃ-**

০১। বর্তমান প্রচলিত সরকারি 'বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা'২০১১ এর আলোকে আবেদনপত্র গ্রহণ পূর্বক কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে বালুমহাল সমূহ ইজারা প্রদান করা হবে।

০২। আবেদনকারীর সদ্যতোলা ৩(তিন) কপি সত্যায়িত ছবি এবং জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রদত্ত তালিকাভূক্তির সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

০৩। বালুমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ ১৪৩০ হতে ৩০শে চৈত্র ১৪৩০ বাংলা সাল পর্যন্ত কার্যকর হবে। আবেদন অনুমোদন প্রাপ্তির বিলম্ব হলেও এ বিলম্বের কারণে কোন সময় বর্ধিত হবে না। ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে কার্যকর হবে।

০৪। প্রতিটি দরপত্রের উল্লিখিত মূল্যের ২৫% হারে জামানত হিসেবে যে কোন সিডিউল ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা প্রশাসক, জামালপুর এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৫। গৃহীত বালুমহালের ইজারা মূল্যের উপর ভিত্তিকরে অতিরিক্ত ১০% হারে আয়কর ও ১৫% হারে মূল্যসংযোজন কর (ভ্যাট) এবং গৃহীত মূল্যের সাকূল্য টাকা ডাক গ্রহণের ০৭(সাত) কার্য দিবসের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইতোপূর্বে জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে এবং বালুমহাল পুনঃ ইজারা/বন্দোবস্তের ব্যবস্থা নেয়া হবে।

০৬। বালুমহালটি বন্দোবস্ত পাওয়ার ০৭(সাত) কার্য দিবসের মধ্যে সাকুল্য অর্থ (ইজারা মূল্য, আয়কর ও মূল্যসংযোজন কর ভ্যাটসহ) পরিশোধ করে নিজ দায়িত্বে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করে বালুমহাল এর দখল বুঝে নিতে হবে।

০৭। বালুমহালটি যেখানে যে অবস্থায় রয়েছে সে অবস্থায়ই ইজারা দেয়া হবে। ইজারা প্রদানের পর এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৮। কাটাকাটি/ঘষামাজা বা অষ্পষ্ট দরপত্র/আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। দরপত্র সিডিউলের প্রতি পাতায় দরপত্র দাতার স্বাক্ষর থাকতে হবে। দরপত্রে দেয় মূল্য অংকে ও কথায় লিখতে হবে এবং সিলমোহরকৃত খামে প্রতিটি বালুমহালের জন্য পৃথক পৃথকভাবে আবেদন ফরম দাখিল করতে হবে। খামের উপর বালুমহালের নাম সুষ্পষ্টভাবে লিখতে হবে।

০৯। ইজারা অনুমোদনের ক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে। এ ব্যাপারে কোন আপত্তি গ্রহণ করা হবে না।

১০। বালুমহাল ইজারা মেয়াদ চলাকালীন আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা বলবতের কারণে ইজারা গ্রহীতা ক্ষতিগ্রস্থ হলে তার কোন প্রকার ক্ষতিপূরণ দাবি করা যাবে না।

১১। ইজারাপ্রাপ্ত বালুমহাল কোন অবস্থাতেই আংশিক বা সম্পূর্নভাবে কারো নিকট সাব-লীজ বা হস্তান্তর করা যাবে না। এরূপ করলে ইজারা বাতিলযোগ্য হবে।

১২। বিজ্ঞপ্তিতে প্রকাশিত ইজারার জন্য প্রস্তাবিত এলাকার (আয়তন) বাইরে বালু উত্তোলন করা যাবে না। কোন অবস্থাতেই বালু ব্যতীত অন্য কিছু উত্তোলন করা যাবে না।

১৩। বালুমহাল ইজারা সংক্রান্ত বিষয়ে সরকারি সকল নীতিমালা প্রযোজ্য হবে এবং ইজারাদার তা মেনে চলতে বাধ্য থাকবেন।

১৪। ভূল/মিথ্যা তথ্য সংবলিত এবং অসম্পূর্ন দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

১৫। অকৃতকার্য দরপত্র দাতার দাখিলীয় জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের পর ফেরত দেয়া হবে।

১৬। উপরোক্ত শর্তাবলীর যেকোন এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং সরকারি সম্পত্তি ক্ষতিসাধন করলে ক্ষতিপূরণ আদায়সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। যে কোন শর্ত ভঙ্গ করলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিলযোগ্য হবে।

১৭। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা রাখেন।

২১০২২০২৩
(শ্রাবস্তী রায়)
জেলা প্রশাসক
ও
জেলা ম্যাজিস্ট্রেট
জামালপুর।
টেলিফোন নং- ০২৯৯৭৭৭২১৭২
ই-মেইল: dcjamalpur@mopa.gov.bd

স্মারক নং-৩১.৪৫.৩৯০০.০১৩.১৩.০১১.০৯- ১৭৪ তারিখঃ- ১২/০২/২০২৩ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি ও বহুল প্রচারের নিমিত্ত (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ। (সংযুক্ত আবেদন ফরম ও দরপত্র বিজ্ঞপ্তি মহোদয়ের নিকট প্রেরণ করা হলো। বিক্রিত আবেদন ফরম দাখিলের সময়সূচী অনুযায়ী এ কার্যালয়ের রাজস্ব শাখায় ফেরত পাঠানোর জন্য এবং নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য বিনীত অনুরোধ করা হলো)।

০২। মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।

০৩। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ।

০৪। পুলিশ সুপার, জামালপুর।

০৫। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ।

০৬। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, জামালপুর।

০৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, জামালপুর।

০৮। মেয়র, জামালপুর পৌরসভা/সরিষাবাড়ী/মেলান্দহ/ইসলামপুর/মাদারগঞ্জ/দেওয়ানগঞ্জ/বকশীগঞ্জ, জামালপুর (নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য)।

০৯। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর/ইসলামপুর, জামালপুর। (সংযুক্ত আবেদন ফরম ও দরপত্র বিজ্ঞপ্তি তাঁর নিকট প্রেরণ করা হলো। বিক্রিত আবেদন ফরম দাখিলের সময়সূচী অনুযায়ী এ কার্যালয়ের রাজস্ব শাখায় ফেরত পাঠানোর জন্য এবং নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

১০। সহকারী কমিশনার (ভূমি), জামালপুর সদর/সরিষাবাড়ী/মেলান্দহ/ইসলামপুর/মাদারগঞ্জ/দেওয়ানগঞ্জ/বকশীগঞ্জ, জামালপুর। তাঁর কার্যালয় ও সকল ইউনিয়ন ভূমি অফিসের নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১১। চেয়ারম্যান, ............................ইউনিয়ন পরিষদ, .........................., জামালপুর (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য)।

১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,....................................ইউনিয়ন ভূমি অফিস, ................................ (সকল) (নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য)।

১৩। সভাপতি, জেলা/জামালপুর প্রেস ক্লাব, জামালপুর ( জামালপুর জেলায় বহুল প্রচারের জন্য)।

১৪। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর। তাকে জেলা প্রশাসন, জামালপুর এর ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১২.০২.২৩

(স্নিগ্ধা দাস)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
জামালপুর
ফোন- ০৯৮১-৬৩৫১০
ই-মেইল-rdcjamalpur1@gmail.com